

জাবির ৩ ভবন ভেঙ্গে ফেলার নির্দেশ

জাবি প্রতিনিধি

১৯ মার্চ ২০২৩ ০৭:৪৩

পিএম | আপডেট: ১৯ মার্চ

২০২৩ ১১:২০ পিএম

6
Shares



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের মীর মশাররফ হোসেন হল। ছবি: সংগৃহীত

advertisement

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) মীর মশাররফ হোসেন হলের তিনটি ভবন আগামী ৭ দিনের মধ্যে ভেঙ্গে ফেলার নির্দেশ দিয়েছে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক)। একইসঙ্গে ৫টি ভবন মেরামতের সুপারিশ করা হয়েছে। ভূমিকম্পের ঝুঁকিসহ আনুষাঙ্গিক বিষয় বিবেচনায় নিয়ে এই সুপারিশ করেছে রাউজুক।

আজ রোববার বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার রহিমা কানিজ এ তথ্য নিশ্চিত করেছেন।

advertisement

তিনি বলেন, গত ১ মার্চ ভবন ভাঙা ও মেরামত সংক্রান্ত একটি চিঠি আসে। কিন্তু চিঠিতে ভবনের সুনির্দিষ্ট নাম না থাকায় বিশ্ববিদ্যালয় থেকে রাজউককে চিঠি পাঠানো হয়।

ভবন ভাঙার বিষয়ে রহিমা কানিজ বলেন, রাজউক বলেছে সাত দিনের মধ্যে হলের তিনটি ভবন ভেঙে ফেলতে। কিন্তু একটি ভবন সাত দিনের মধ্যে ভেঙে ফেলা সম্ভব না। অনেক শিক্ষার্থীকে স্থানান্তরের বিষয় এখানে জড়িত। এ বিষয়ে সিল্ডিকেটে আলোচনা করে সিদ্ধান্ত নেওয়া হবে।

advertisement

চিঠিতে বিশ্ববিদ্যালয়ে মেরামতের সুপারিশ করা পাঁচটি ভবন হলো- জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় স্কুল অ্যান্ড কলেজ, পুরাতন কলাভবন, নতুন কলাভবন, কেন্দ্রীয় ক্যাফেটেরিয়া ও সমাজবিজ্ঞান অনুষদ ভবন।

জানা যায়, আরবান রেজিলিয়েন্স প্রকল্পের আওতায় করা ভূমিকম্প ঝুঁকি মূল্যায়ন বিবেচনায় এ সুপারিশ করা হয়েছে। বিশ্বব্যাংক ও বাংলাদেশ সরকারের ঘোথ অর্থায়নে ও রাজউকের তত্ত্বাবধানে এই প্রকল্প পরিচালিত হচ্ছে। বিশ্ববিদ্যালয়ের ভবনগুলো ভূমিকম্পে ঝুঁকিপূর্ণ হওয়ায় এই সুপারিশ করা হয়। আরবান রেজিলিয়েন্সের প্রকল্প পরিচালক আবদুল লতিফ হেলালী গণমাধ্যমকে এই বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি বলেন, আরবান রেজিলিয়েন্স প্রকল্পের আওতায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ১১৩টি ভবনের র্যাপিড ভিজুয়াল স্ক্রিনিং অ্যাসেসমেন্ট (আরভিএসএ), ৩৫টির প্রিলিমিনারি ইঞ্জিনিয়ারিং অ্যাসেসমেন্ট (পিইএ) ও ১৩টি ডিটেইল ইঞ্জিনিয়ারিং অ্যাসেসমেন্ট (ডিইএ) করা হয়। এর মধ্যে একটি হলের তিনটি ভবন ভেঙে পুনর্নির্মাণ ও পাঁচটি ভবন মজবুতকরণের সুপারিশ করা হয়।